গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৩-৫২১ তারিখ : ১৯ জুলাই ২০২৩ খ্রি:

## নোটিশ

জুলাই/২০২৩ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৬/০৭/২০২৩ খ্রি: | সকাল ১১.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৬/০৭/২০২৩ খ্রি: | সকাল ১২.০০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৬/০৭/২০২৩ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৬/০৭/২০২৩ খ্রি: | বেলা ১২.১৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৬/০৭/২০২৩ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৬/০৭/২০২৩ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

উল্লেখ্য, দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৪/০৭/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। আলহাজ মির্জা আজম, মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
২। জেলা প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর।

জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৬ জুলাই ২০২৩ খ্রি: |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতে তার প্রতিনিধি মেডিকেল অফিসার সভায় জানান, এ উপজেলায়<br>১। বহি: বিভাগে সেবা প্রাপ্তি : ১৪৪১৮ জন।<br>২। জরুরী বিভাগ সেবা প্রাপ্তি : ১৫০৫ জন।<br>৩।অন্ত: বিভাগ-সেবা প্রাপ্তি : ৬৫৮ জন<br>৪। হাসপাতালে ডেলীভারী : ৮৪ জন<br>৫।হাসপাতালে এএনসিসেবা প্রাপ্তি : ৫২১ জন<br>৬। হাসপাতালে পিএনসি সেবাপ্রাপ্তি : ১১৭ জন।<br>৭। এনসিডি সেবা প্রাপ্তি : ১৬৮২ জন।<br>৮। এডোলসেন্ট কণ্যার সেবা প্রাপ্তি : ১৯৩ জন।<br>৯। ইপি আই টিকা : ৫১%<br>১০। সাব সেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবার সংখ্যা : ৯৪৬৩ জন।<br>১১। ৫-১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ টিকার পরিমান<br>১ম ডোজ গ্রহণকারী : ৪০,৬০০ জন<br>২য় ডোজ গ্রহণকারী : ৩৯,৩৫০ জন।<br>১২। ১২ বছরের উর্ধ্বে কোভিড-১৯ টিকার পরিমান<br>১ম ডোজ গ্রহণকারী : ৯২.৩৫%,<br>২য় ডোজ গ্রহণকারী : ৯১.৮৩%<br>৩য় ডোজ গ্রহণকারী : ৫৯.২৪%<br>১৩। ৩৭ টি কমিউনিটি ক্লিনিকে সেবার পরিমান : ২১,৫১২ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান,<br>১। ২০২২-২৩ অর্থ বছরে/খরিফ মৌসুমে প্রণোদনা হিসেবে ১০০০ জন কৃষককে রোপা আমন (উফশী) বীজ ও সার, ৭০০ জন কৃষককে রোপা আমন (হাইব্রিড) বীজ প্রদান কার্যক্রম শেষের পথে, ১৫ জন চাষীকে গ্রীষ্মকালীন পেয়াজ প্রণোদনা প্রদানের কার্যক্রম চলমান। প্রণোদনা মালামাল রাখার জন্য একটি বড় গোডাউন নির্মাল করা প্রয়োজন।<br>২। ৪৪ বছর খোর্দ্দজোনাইল মৌজায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১০ শতাংশ জমি দখলমুক্ত করে সেখানে সাইনবোর্ড দেওয়া হয়েছে।বালিজুড়ী মৌজায় ১৪২ খতিয়ানে ৪৭৫ নং দাগে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৩৭ শতাংশ জমি দখলমুক্ত করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরকারের জমি উদ্ধারে অর্থ বরাদ্দ দেওয়া প্রয়োজন। শ্যামগঞ্জ কালিবাড়ীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিএস কোয়ার্টারে উপসহকারী কৃষি কর্মকর্তাদের কে বা কারা ঢুকতে দিচ্ছে না দখল করতে চাচ্ছে। এটি দ্রুত দখলমুক্ত করা প্রয়োজন।<br>৩। সমন্বিত ব্যবস্থাপনার মধ্যে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় যন্ত্রপাতির একটি শেড নির্মাণ প্রয়োজন। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যদের তৎপর থাকার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান,<br>তিনি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ইউজিডিপি এর আওতায় ২০২১-২২ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্মোক্ত উপ-প্রকল্প সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><u>উপ-প্রকল্প-১:</u> বালিজুড়ী ইউনিয়নের মির্জা পুরের সবজি চাষীদের স্বল্প খরচে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সোলার চালিত সেচ পাম্প স্থাপন বাবদ বরাদ্দ ১০,০০০০০/- (দশ লক্ষ) টাকা।<br><u>উপ-প্রকল্প-২:</u> উপজেলার ০৭ টি ইউনিয়নের ০৭ টি বাজারে বিদ্যুৎ সাশ্রয় ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত কল্পে সোলার লাইট স্থাপন বাবদ বরাদ্দ ২০,০০০০০ (বিশ লক্ষ) টাকা।<br><u>উপ-প্রকল্প-৩:</u> উপজেলার মাধ্যমিক পর্যায়ে (স্কুল/মাদ্রাসা) ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানের | বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেঞ্চ সরবরাহ বাবদ বরাদ্দ ২০,০০০০০ (বিশ লক্ষ) টাকা। | | |
| ০৪. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি জুলাই/২০২৩ মাসের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ:<br>১। রাজস্ব আদায় : ৫০,২৫০ টাকা<br>২। চিকিৎসা (গবাদিপশু) : ২৫৭৬ টি,<br>৩। চিকিৎসা (হাঁসমুরগী) : ২৯,৩৬০,<br>৪। কৃত্রিম প্রজনন : ৬৭০ টি<br>৫। সংকর জাতের বাছুর উৎপাদন : ২৯৮ টি | স্বাস্থ্যসম্মতভাবে পশু জবাইয়ের স্থান নির্ধারণপূর্বক উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নির্ধারিত স্থানে ULO/উপযুক্ত প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ এবং মেয়র, মাদারগঞ্জ পৌরসভা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য বিভাগ জুলাই/২০২৩ খ্রি: মাসে<br>১। ২০ জন মৎস্যচাষীকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়।<br>২। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উৎযাপন উপলক্ষে গত ১৭/০৭/২০২৩ তারিখে উপজেলায় একটি প্রস্তুতিমূলক সভা করা হয়েছে।<br>৩। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উৎযাপন উপলক্ষে উপজেলার বিভিন্ন মাইকিং মাধ্যমে ব্যাপক প্রচরনা করা হয়েছে।<br>এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৩ খ্রি. ২৭-০৭-২০২৩ থেকে ৩১-০৭-২০২৩ তারিখ পর্যন্ত বালিজুড়ী ফায়েল মোহাম্মদ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে ফুটবল খেলা অনুষ্ঠিত হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | জোড়খালী স: প্রা: বিদ্যালয়ের জমি পরিমাপ করার জন্য একজন সার্ভেয়ার নিযুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), মাদারগঞ্জ<br>২। উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে জুলাই/২০২৩ মাসে<br>ইমপ্লান্ট: ৮১ জন; ইনজেকশন: ৮৩৪<br>খাবার বড়ি (সুখী): ১১৬৫১ চক্র; কনডম: ৮৮৯৫<br>ইসিপি: ১৫ জন; ডেলেভারি: ১১ জন | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনা কার্যপত্র পাওয়া যায়নি। | -- | -- |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি জুলাই/২০২৩ মাসে<br>(ক) ক্যান্সারসহ ও জটিল রোগে আক্রান্ত ১৮ জন রোগীদের মাঝে ৫০,০০০/- করে মোট ৯ লক্ষ টাকা আর্থিক অনুদানে চেক বিতরণ করা হয়।<br>(খ) গুনারীতলা ইউনিয়নে মিয়াবাজারে দোশরত নামক অসহায় ব্যক্তিকে টিন ক্রয় বাবদ ৭০০০/- চেক প্রদান।<br>(গ) সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বিভিন্ন ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে।<br>(ঘ) রোগী কল্যাণ সমিতি আওতায় অসহায় দু:স্থ রোগীদের ঔষুধ প্রদান করা হয়েছে।<br>এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২৩ মাসে তাঁর দপ্তরে<br>১। বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পটি সমাপ্ত হয়েছে।<br>২। চলতি ঋণ আদায় ৫,১৯,০০০/- টাকা ৩। খেলাপী ঋণ আদায় ২২,০০০ টাকা এবং সঞ্চয় আদায় ১৪,০০০ টাকা।<br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণবিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে টিআর (২৪) টি ৪৩,০৯,৬৬৬.৬৬ (তেতাল্লিশ লক্ষ নয় হাজার ছয়শত ছেষট্টি টাকা ছেষট্টি পয়সা) কাবিখা: গম (০১)টি ৩১.৫২৪৫ মে:টন, কাবিখা: চাল(০১)টি ৩১.৫২৪৫ মে:টন, কাবিটা: নগদ টাকা (০২)টি ৪৭,২৮,৭৪৬/০৩ (সাতচল্লিশ লক্ষ আটাশ হাজার সাতশত ছেচল্লিশ টাকা তিন পয়সা), টিআর : (৩১টি) ৪১,৭৯,৫৫৫/০৯ (একচল্লিশ লক্ষ উনআশি হাজার পাঁচশত পঞ্চান্ন টাকা নয় পয়সা) কাবিখা: গম (০৯)টি ৩৪.৩২৯৩ মে:টন, কাবিখা: চাল ৩৪.৩২৯৩ মে:টন, উপজেলা ওয়ারি কাবিটা (১২)টি ৫৯,৪৯,৩৪৬/০৮ (উনষাট লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত ছেচল্লিশ টাকা আট পয়সা), টিআর সাধারণ (পৌরসভা ইজিপিপি ৪,৫৬,৯৩২/৭৭ (চার লক্ষ ছাপান্ন হাজার নয়শত বত্রিশ টাকা সাতাত্তর পয়সা। মোট উপকারভোগী ২৮৭৩ জন। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় কড়ইচড়া ও গুনারীতলা ইউনিয়নে যুব প্রশিক্ষণ করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানান যে, জুলাই/২০২৩ মাসে মাদারগঞ্জ উপজেলার উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের ০৭ জনকে ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা এবং বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির ৩৪ জন সদস্যকে ৩৭,৫০,০০০ (সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণসহ সমবায় দ্বি-তল অফিস ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মাননীয় সংসদ সদস্য জনাব মির্জা আজম মহোদয়। এছাড়া মাদারগঞ্জ উপজেলার ঝুঁকিপূর্ণ সমবায় সমিতিগুলো জেলা ও উপজেলার কর্মকর্তাগণদের নিয়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পগুলোর ঋণ আদায় কার্যক্রম ও তদারকি অব্যাহত রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে জুলাই/২০২৩ মাসে<br>(ক) ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য বরাদ্দ না আসায় ডি.ও প্রদান করা হয়নি।<br>(খ) মা ও শিশু সহায়তা কর্মসূচি: উক্ত কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরের জুলাই/২২ হতে জুন/২৩ পর্যন্ত এক বছরে ভাতাভোগী নির্বাচন করার লক্ষ্যে ০৭ টি ইউনিয়ন ও পৌরসভার (এমআইএস) অনলাইন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে।<br>(গ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ৩০ জন মহিলার (দর্জি বিজ্ঞান)<br>(ঘ) কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনা কার্যপত্র পাওয়া যায়নি। | -- | -- |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনা কার্যপত্র পাওয়া যায়নি। | -- | -- |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুলাই/২০২৩ মাসে তাঁর দপ্তরে ওএমএস ও খাদ্য বান্ধব ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল পণ্য বিতরণ করা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২০২৩ মাসে তাঁর দপ্তরে<br>১। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষনপ্রাপ্ত আনসার ও ভিডিপি সদস্য সদস্যাদের তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>২। ১০ জন ভিডিপি সদস্য অস্ত্রসহ ২১ দিন মেয়াদী প্রশিক্ষণের নিমিত্তে প্রেরণ। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওয়াতায় ২০২২-২৩ অর্থ বছরে মাদারগঞ্জ উপজেলার তালিকাভূক্ত পাট উৎপাদনকারী ৩০০০ (তিন হাজার) জন চাষীর মধ্যে ইউরিয়া: ০৫ কেজি, টিএসসি : ০২ কেজি, এমওপি: ২.৫ কেজি বিনামূল্যে রাসায়নিক সার বিতরণের জন্য আগামী ২২-০৬-২৩ খ্রি: দুপুর ১২.৩০ টায় উপজেলা পরিষদে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের দপ্তরের জুলাই/২০২৩ মাসের<br>ঋণ বিতরণ : ৩৫.০০ লক্ষ টাকা<br>আদায় : ৫৫. লক্ষ টাকা<br>আদায়ের হার : ৯৬% | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপর। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২৩ মাসে তাঁর দপ্তরে ২০১৯-২০২০ ও ২০২১-২০২২ সালে সর্বমোট ০৪ কি:মি: বাগান সৃজন করা হয়। উক্ত বাগানগুলো রক্ষণাবেক্ষণের জন্য নিয়মিত তদারকি করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২৩ মাসে তাঁর দপ্তরে<br>ঋণ বিতরণ : ৩৬.৬০ লক্ষ টাকা<br>আদায় : ৫১.৫৯ লক্ষ টাকা<br>সঞ্চয় আদায় : ২.৫৭ | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লীসঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২০২৩ মাসে অগ্নিনির্বাপণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।। | তথ্য আপা মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৫. | ইসলামিক ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জুলাই/২০২৩ মাসে আগামী অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প নির্বাচন গ্রহণ এবং দ্রুত সময়ের মধ্যে সভার রেজুলেশন জমাসহ স্ব স্ব কার্যালয়ে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সকলকে অনুরোধ করেন। | জুন মাসের মধ্যে স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ভাইস চেয়ারম্যানদের নিকট জমা ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত হয়। | উপজেলা জনস্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ও ডিজিএম পল্লী বিদ্যুৎ মাদারগঞ্জ, জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২৩.০৭.২০২৩

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৩-৫৩৩ তারিখ ঃ ২৬ জুলাই ২০২৩

অনুলিপি কার্যার্থে:
১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . ..............................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৩-৫৩৩ তারিখ ঃ ২৬ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :
১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

জুলাই/২৩ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের হাজিরা।
সময়ঃ ১১.০০ ঘটিকা, তাং:- ২৬/০৭/২৩

| ক্রঃনং | নাম ও পদবী (জনপ্রতিনিধি) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর | |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | [illegible] |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | [illegible] |
| ০৪. | মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর | |
| ০৫ | চেয়ারম্যান ১নং চরপাকেরদহ ইউপি, মাদারগঞ্জ | [illegible] |
| ০৬ | " ২নং কড়ইচড়া " " | [illegible] |
| ০৭ | " ৩নং গুনারীতলা " " | [illegible] |
| ০৮ | " ৪নং বালিজুড়ী " " | [illegible] |
| ০৯ | " ৫নং জোড়খালী " " | [illegible] |
| ১০ | " ৬নং আদারভিটা " " | [illegible] |
| ১১ | " ৭নং সিধুলী " " | |
| ১২ | জনাব মোছাঃ মিলিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য ১নং আসন উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | |
| ১৩. | মোছাঃ জেসমিন বেগম, সংরক্ষিত মহিলা সদস্য ৩নং আসন উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | [illegible] |
| ১৪. | জনাব বাবু অজিত কুমার সাহা, চেয়ারম্যান ইউসিসিএ লিঃ, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ১৫. | জনাব আবু বক্কর সিদ্দিক, বীর মুক্তিযোদ্ধা | [illegible] |

| ক্রঃনং | নাম ও পদবী (অফিসার) | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | আহমেদ |
| ৩. | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ৫. | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) মাদারগঞ্জ, জামালপুর | |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, " | [illegible] |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ | |
| ১০. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মাদারগঞ্জ | [illegible] ২৬/৭/২৩ |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১৪. | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ | |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১৭. | উপজেলা সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ | |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ | [illegible] |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ২১. | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ | [illegible] |
| ২২. | উপজেলা [illegible], মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ২৩. | উপজেলা [illegible] | [illegible] |
| ২৪. | উপজেলা [illegible], মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ২৫. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর | [illegible] |
| ২৬. | উপজেলা [illegible], মাদারগঞ্জ | [illegible] |
| ২৭. | উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন | [illegible] |
| ২৮. | উপজেলা ইমাম সমিতির সভাপতি, মাদারগঞ্জ | |
| ২৯. | মনোনীত প্রতিনিধি | |
| ৩০ | উপজেলা প্রকৌশলী - প্রতিনিধি | [illegible] |
| ৩১ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ অফিস, মাদারগঞ্জ | [illegible] ২৬/৭/২৩ |